

## আনন্দলোক আশ্রমের স্বপ্ন ও লক্ষ্য

মহাবতার শ্রী শ্রী বাবাজী মহারাজ ও শ্রী শ্রী মাতাজী কর্তৃক প্রতিষ্ঠিত আনন্দলোক আশ্রম সমগ্র বিশ্বের আধ্যাত্মিক শক্তির কেন্দ্রবিন্দু যার উদ্দেশ্য গুরুযোগ সাধন ও নিঃস্বার্থ মানব সেবার মাধ্যমে মানব চৈতন্যের পূর্ণবিকাশ।

● শ্রী গুরুদেব নির্দেশিত নিঃস্বার্থ মানবসেবাকে জীবনের উদ্দেশ্য স্থির করে নিয়ে সকল শিষ্য-সন্তান ভক্ত এবং আপামর বিশ্ববাসীকে ঐক্যবদ্ধ হয়ে তাঁর নির্দেশিত কর্মধারাকে রূপায়িত করতে হবে।

শ্রীগুরুদেব( শ্রী শ্রী বাবাজী মহারাজ ) ও শ্রী শ্রী মায়ের(শ্রী শ্রী মাতাজী) পরিকল্পনা সুদূরপ্রসারী।

● 'আশ্রম' কথার অর্থ শ্রমকে আবাহন করা; অর্থাৎ, আন্তরিক প্রচেষ্টা ও উদ্যমের প্রয়োজন যে কোন নিষ্কাম কাজ করার জন্য।

● শ্রীগুরুদেবের একটি বিশেষ উক্তি : "আপনি আচরি ধর্ম পরকে শিখাবে"--এর বাস্তব প্রতিফলন আমরা শিষ্য, ভক্ত অথবা সব ধরনের মানুষকে দেখেছি শ্রীগুরুদেব ও শ্রী মায়ের ভবনীড়ের সংসারে। সকলের প্রতি তাঁদের অপরিসীম বাৎসল্য, আতিথেয়তা, সমস্যাপীড়িত যে কোন মানুষ তাঁদের কাছে উপস্থিত হ'লে, তা সমাধানের অব্যর্থ পথ নিরূপণ করে দিতেন।

● শিষ্যভক্তরা স্বভাবতই তাদের গুরুদেবের সেবা করে থাকেন, কিন্তু আমাদের গুরুদেব ও গুরুমা তাঁদের গার্হস্থ্য জীবনে শিষ্যভক্ত ও গুরুধামে আগত সকলের সেবা করে গিয়েছেন। এই আদর্শকে অনুসরণ করে আমরা বেশ কিছু সেবামূলক কাজ নিয়মিত সম্পন্ন করে চলেছি। উদাহরণ স্বরূপ শীতবস্ত্র, কম্বল বিতরণ, নরনারায়ণ সেবা, অসচ্ছল পরিবারের ছাত্রছাত্রীদের বইখাতা, পাঠ্যপুস্তক বিতরণ, রক্তদান শিবিরের আয়োজন, দস্ত চিকিৎসা ও দাতব্য চিকিৎসালয়ে হোমিওপ্যাথিক চিকিৎসার ব্যবস্থা, অতিমারী সংক্রমন ও প্রাকৃতিক দুর্যোগ কবলিত মানুষদের সাধ্যমত সাহায্যপ্রদান এ যাবৎ করা হয়েছে।

● আগামীদিনে, শ্রী গুরু নির্দেশিত "মানবরূপী মাধবসেবা"র আদর্শ"কে বাস্তবায়িত করার জন্য গ্রন্থাগার নির্মাণ, অসহায় বিধবাদের আশ্রয় ও খাদ্যের বন্দোবস্ত, বৃহদাকারে দাতব্য চিকিৎসালয়, হাসপাতাল, অনাথ আশ্রম, দুঃস্থ শিশু, বালক-বালিকাদের জন্য অবৈতনিক আদর্শ বিদ্যালয়, বৃত্তিমূলক শিক্ষা কেন্দ্র ও স্বনির্ভরতা, আশ্রমবাসী সাধু-সন্ন্যাসী ব্রহ্মচারী ব্রাহ্মচারিণীদের আশ্রয়স্থল, বিদেশী অতিথিদের জন্য অতিথিশালা ও মন্দির সংলগ্ন একটি সুদৃশ্য নাট্যমন্দির ইত্যাদি নির্মাণের পরিকল্পনা গৃহীত হয়েছে। শ্রীগুরুকৃপায় এই সুমহান কর্মযজ্ঞে সকল বিশ্ববাসীর অকুণ্ঠ সহযোগিতা ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের সদর আমন্ত্রণ জানাই।